

পপুলার লাইফ ফার্স্ট মিউচুয়াল ফান্ড

বাংলাদেশ রেইন্স ম্যানেজমেন্ট পিসিএল, গুলফেশা প্লাজা, (ডি-১১), ১২ তম তলা,
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক, মগবাজার, ঢাকা-১২১৭, বাংলাদেশ।

ফোন : +৮৮ ০২ ২২২২২৫৬৩০, +৮৮ ০২ ৪৮৩১৮৬১৯, ফ্যাক্স : +৮৮ ০২ ৪৮৩১৫৩০৯
web: www.popular1mf.com



ইউনিট হোল্ডারদের জন্য নোটিশ

[অবশ্যিত/অদাবীকৃত নগদ লভ্যাংশ এবং অ-ফেরত পাবলিক সাবস্ক্রিপশন-এর অর্থ বিএসইসির ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ১৪ জানুয়ারী, ২০২১ তারিখের নির্দেশনা নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং Bangladesh Securities and Exchange Commission (Capital Market Stabilization Fund) Rules, 2021 অনুসারে নগদ লভ্যাংশের অর্থ যদি লভ্যাংশ ঘোষণা/অনুমোদনের দিন/রেকর্ড ডেট এবং অ-ফেরত পাবলিক সাবস্ক্রিপশন-এর অর্থ যা সাবস্ক্রিপশন-এর তারিখ থেকে ৩ (তিন) বছরের অধিক সময় অবশ্যিত/অদাবীকৃত থাকে, তাহলে সেই অর্থ বিএসইসির ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর করতে হবে।

সম্মানিত ইউনিট হোল্ডারগণকে ২৬ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে তাদের প্রাপ্য অবশ্যিত, অদাবীকৃত নগদ লভ্যাংশ এবং অ-ফেরত পাবলিক সাবস্ক্রিপশন এর অর্থ গ্রহণ করার জন্য উপযুক্ত প্রমানসহ ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক বাংলাদেশ রেইন্স ম্যানেজমেন্ট পিসিএল, গুলফেশা প্লাজা (ডি-১১) ১২ তম তলা, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক, মগবাজার, ঢাকা-১২১৭ এই ঠিকানায় আবেদন করতে হবে। এতদ্বসংশ্লিষ্ট যে কোনো প্রয়োজনে শেয়ার হোল্ডারগণ +৮৮ ০২ ২২২২২৫৬৩০ অথবা +৮৮ ০২ ৪৮৩১৮৬১৯ টেলিফোন নাম্বারে যোগাযোগ করতে পারেন।

সম্মানিত ইউনিট হোল্ডারগণকে জানানো যাচ্ছে যে, যদি ২৬ আগস্ট, ২০২১ এর মধ্যে বাংলাদেশ রেইন্স ম্যানেজমেন্ট পিসিএল কোনও বৈধ দাবি না পায়, তাহলে বিএসইসির নির্দেশনা ও বিধিমালা অনুসারে, ইউনিট হোল্ডারদের অবশ্যিত/অদাবীকৃত নগদ লভ্যাংশ এবং অ-ফেরত পাবলিক সাবস্ক্রিপশন-এর অর্থ বিএসইসির ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিল এ ৩০ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে স্থানান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

অবশ্যিত/অদাবীকৃত নগদ লভ্যাংশ এবং অ-ফেরত পাবলিক সাবস্ক্রিপশন-এর অর্থ বিএসইসির ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ডে স্থানান্তরের পর অর্থাৎ ৩০ আগস্ট, ২০২১ এর পর কোন শেয়ার হোল্ডার তাঁর প্রাপ্য অবশ্যিত, অদাবীকৃত নগদ লভ্যাংশ এবং অ-ফেরত পাবলিক সাবস্ক্রিপশন এর অর্থ গ্রহণ করার জন্য আবেদন করলে, উক্ত আবেদন বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ১৪ জানুয়ারী, ২০২১ তারিখের নির্দেশনা নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং Bangladesh Securities and Exchange Commission (Capital Market Stabilization Fund) Rules, 2021 অনুযায়ী নিষ্পত্তি করা হবে।

১৭ আগস্ট ২০২১

পপুলার লাইফ ফার্স্ট মিউচুয়াল ফান্ড এর পক্ষে

এ.কে.এম মামুনুর রশীদ

প্রধান পরিপালন কর্মকর্তা

বাংলাদেশ রেইন্স ম্যানেজমেন্ট পিসিএল।